



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জবুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৬৭

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি

সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা নেই।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে সংকেত নামিয়ে ফেলতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে আজ (১৮ নভেম্বর, ২০২৩) সন্ধ্যা পর্যন্ত সাবধানে চলাচল করতে বলা হলো।

২। আজ ১৮ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবেনা।

৩। আজ ১৮ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় 'মিথিলি' উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে উপকূল অতিক্রম সম্পন্ন করে দুর্বল হয়ে নিম্নচাপে পরিণত হয়েছে; এটি আরো দুর্বল এবং গুবুহীন হয়ে পড়েছে।

পূর্বাভাস:

প্রথম দিন (১৮.১১.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে, তবে চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

তাপমাত্রা: সারাদেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দিনের তাপমাত্রা (১-৩) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে।

দ্বিতীয় দিন (১৯.১১.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাতের তাপমাত্রা হ্রাস পেতে পারে এবং দিনের তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।

তৃতীয় দিন (২০.১১.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

বর্ষিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: তাপমাত্রা ক্রমাগত হ্রাস পেতে পারে

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৮.০	২৮.৫	৩০.৮	২৪.৬	২২.৮	২৯.২	২৯.৭	২৬.৫
সর্বনিম্ন তাপমাত্রা	১৮.৬	২১.০	১৫.১	২১.২	১৯.২	১৯.৫	১৯.৭	২০.২

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সৈয়দপুর ৩০.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৫.১° সেঃ।

তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৬ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৭ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১২	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	২	০	০
৬।	চট্টগ্রাম	৩	০	০
৭।	খুলনা	২	০	০
৮।	রংপুর	১	০	০
	মোট	২০	০	০



১৮-১১-২০২৩

মোঃ জাহিদ হাসান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)

৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৬৭/১ (১৩)

৩ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- ৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
- ৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
- ৬। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ৭। বিভাগীয় কমিশনার (সকল);
- ৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
- ৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ১০। জেলা প্রশাসক (সকল);
- ১১। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
- ১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং
- ১৩। সহকারী পরিচালক (সংযুক্ত কর্মকর্ত), যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।



Jahid Hasan

১৮-১১-২০২৩
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা